গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
সাঁথিয়া, পাবনা।

স্মারক নং-৩২.০১.৭৬৭২.০০০.১৬.০৩৭.২৫- ৭২২

তারিখ ঃ ০৭/০৬/২০২৬খ্রি.

**মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি**

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সাঁথিয়া,পাবনা কর্তৃক বাস্তবায়িত মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৬-২০২৭ অর্থ বছরের ১ম ব্যাচে টেইলারিং ট্রেডে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য শুধু মাত্র মহিলাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**প্রশিক্ষণ কোর্সের বিবরণ**

শেসন- জুলাই/২০২৬ হতে সেপ্টেম্বর/২০২৬ পর্যন্ত ।

| ক্রমিক নং | ট্রেড কোর্সের নাম | কোর্সের মেয়াদ | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বয়স সীমা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ট্রেইলারিং | ০৩ মাস | ৩০ জন | নূন্যতম ৫ম শ্রেণী | ১৮-৪৫ বৎসর |

শতাবলী:

১। ভতি ইচ্ছুক প্রশিক্ষণার্থীকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর(উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সাঁথিয়া, পাবনা) হতে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথ ভাবে পুরণ করে আগামী ২৫/০৬/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।

২। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি,সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি,জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।

৩। আবেদনকারীকে সাঁথিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। নির্বাচিত প্রশিক্ষর্নাথীদের দৈনিক ১০০/-হারে যাতায়াত ভাতা দেওয়া হবে(ভাতার পরিমান সরকারী নির্দেশনার আলোকে কম বেশী হতে পারে)। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক মহিলাদেরকে শারিরীকভাবে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। তালাকপ্রাপ্ত/দু:স্থ ও অসহায় /বিধবা,স্বামী পরিত্যক্তা মহিলাগণ ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। কোন সংক্রামক বা ছোয়াছে/অন্ত:স্বত্তা/রোগাক্রান্ত মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।

৬। প্রশিক্ষণ চলাকালীন সময় প্রশিক্ষর্ণাথীদের কোন আত্মীয় স্বজন এবং শিশু সন্তান তার সাথে থাকতে পারবে না।

৭। প্রশিক্ষণ কেন্দ্রের নির্ধারিত কারিকুলাম/সিলেবাস বা রুটিন অনুযায়ী তাত্তিক বা ব্যবহারিক প্রশিক্ষন দেয়া হবে। প্রশিক্ষণের অংশ হিসেবে সকল প্রশিক্ষণার্থীদের কে হাতে কলমে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ চলাকালে বিধি,বিধান প্রশিক্ষন কমসূচির নিয়ম শৃংখলা প্রশিক্ষর্ণাথীকে মেনে চলতে হবে।

৮। প্রশিক্ষণ র্কাযক্রম ০২(দুই) শিফটে পরিচালনা করা হবে। (সকাল ১০ টা হতে ১ টা পযর্ন্ত ১ম শিফট এবং বেলা ০২ টা হতে ০৪ টা পযর্ন্ত ২য় শিফট)।

৯। আবেদনকারীদের ভর্তি পরীক্ষা আগামী ২৯/০৬/২০২৬খ্রি. রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া পাবনা মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময় প্রার্থীকে উপস্থিত থাকতে হবে। ভর্তি পরীক্ষায়অংশ গ্রহণের জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না( অনিবায কারন বসত ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন হতে পারে)।

১০। ভর্তি পরীক্ষার ফলাফল ৩০/০৬/২০২৬খ্রি. তারিখ নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে এবং একই দিনে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের ভর্তি করা হবে।

১১। আগামী ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্প্রতি বার সকাল ১০.০০ ঘটিকা হতে প্রশিক্ষণ/ ক্লাস শুরু হবে।

৭/৬/২৬

মোহাঃ আলমগীর কবির
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সাঁথিয়া, পাবনা।

স্মারক নং-৩২.০১.৭৬৭২.০০০.১৬.০৩৭.২৫- ৭২২

তারিখ ঃ ০৭/০৬/২০২৬খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/কার্যাথে প্রেরণ করা হলো।

০১। উপপরিচালক(প্রশিক্ষণ) মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০২। উপজেলা নির্বাহী অফিসার,সাঁথিয়া,পাবনা।
০৩। উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,পাবনা।
০৪। চেয়ারম্যান---------------------------------------(সকল) ইউনিয়ন পরিষদ, সাথিয়া, পাবনা।
০৫। নোটিশ র্বোড,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাঁথিয়া,পাবনা।
০৬। নোটিশ র্বোড, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সাঁথিয়া, পাবনা।
০৭। অফিস নথি ।

৭/৬/২৬

মোহাঃ আলমগীর কবির
উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা
সাঁথিয়া, পাবনা।